গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ২৪৮ তারিখ : ২৪/০৯/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ- এ একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত তারিখ ও পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে।

ভর্তি ফি, তারিখ, সময় ও স্থান:

শাখা	টাকার পরিমাণ		তারিখ	সময়	স্থান
	ছাত্র	ছাত্রী ও বৃত্তিপ্রাপ্ত ছাত্র			
বিজ্ঞান ও কৃষি শিক্ষাধারী	৩৭৭৯/-	৩৫৩৯/-	২৪/০৯/২০২৬ হতে ২৬/০৯/২০২৬	সকাল ৯.৩০ হইতে দুপুর ২.০০ টা পর্যন্ত	কলেজের রসায়ন বিভাগের বারান্দা ও কেন্দ্রীয় লাইব্রেরী হতে কমিটি কর্তৃক যাচাই পূর্বক হিসাব শাখায় ভর্তি ফরম জমা দিতে হবে।
মানবিক ব্যবসায় শিক্ষা	৩৬৭৯/-	৩৪৩৯/-			

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট http://debendracollege.eshiksabd.com/ এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

০২। Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

০৩। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :

Select Group (যে গ্রুপে চান্সপ্রাপ্ত) Enter SSC Roll (6 Digit) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

০৪। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999 kb)। শিক্ষার্থীরা শুধু এসএসসি পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

০৫। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।

০৬। অত:পর রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS-এ শিক্ষার্থীর রোল নম্বরসহ গ্রুপ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS-এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

মোবাইলের মাধ্যমে রকেট/উপায়/বিকাশ/নগদে ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অত:পর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর SSC Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

প্রয়োজনীয় কাগজপত্র সমূহ:

০১। পূরণকৃত আবেদন ফরম ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম (০১টি করে)।
০২। এস.এস.সি পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের মূল কপি।
০৩। এস.এস.সি পরীক্ষার নম্বরপত্র, প্রবেশ পত্র ও রেজি: কার্ডের ফটোকপি (০১টি করে)
০৪। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ০৪ কপি।
০৫। রকেট/উপায়/বিকাশ/ নগদে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, গ্রুপ ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাব শাখা হতে সীলসহ স্বাক্ষর নিয়ে শিক্ষার্থীরা সংরক্ষণ করবে।

বিষয়গুচ্ছ

বিভাগ	অব্যশ্যিক বিষয় (বাধ্যতামূলক	নির্বাচিত বিষয়	চতুর্থ বিষয় (যে কোন ০১টি) যা নৈর্বচনিক হিসেবে নেয়া হয়নি।
বিজ্ঞান শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫), পদার্থবিদ্যা (১৭৪, ১৭৫), রসায়ন (১৭৬, ১৭৭)	যে কোন ১ টি উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) জীববিদ্যা (১৭৮, ১৭৯)	উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) জীববিদ্যা (১৭৮, ১৭৯), কৃষিশিক্ষা (২৩৯, ২৪০)
মানবিক শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫)	যে কোন ৩ টি পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০), অর্থনীতি (১০৯,১১০), যুক্তিবিদ্যা (১২১, ১২২), ইস: ইতি: ও সংস্কৃতি (২৬৭, ২৬৮), ইতিহাস (৩০৪,৩০৫), ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০)	পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০), অর্থনীতি (১০৯,১১০), যুক্তিবিদ্যা (১২১, ১২২), ইস: ইতি: ও সংস্কৃতি (২৬৭, ২৬৮), ইতিহাস (৩০৪,৩০৫), ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০), কৃষিশিক্ষা (২৩৯, ২৪০)
ব্যবসায় শিক্ষা শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫), হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) ব্যবসায় সংগঠন (২৭৭, ২৭৮)	যে কোন ১ টি উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭), ফিন্যান্স এন্ড ব্যাংকিং (২৯২, ২৯৩)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭), ফিন্যান্স এন্ড ব্যাংকিং (২৯২, ২৯৩), কৃষিশিক্ষা (২৩৯, ২৪০)

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

আহবায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২৬-২০২৭
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

CamScanner